বাংলাদেশ নৌবাহিনী

নাবিক ও এমওডিসি (নৌ) নিয়োগ এ-২০২৭ ব্যাচ

(তরুণদের জীবন গঠনের এবং দেশ সেবার সুবর্ণ সুযোগ! আপনিও এ সুযোগ গ্রহণ করুন)

শুধুমাত্র অনলাইনে আবেদন প্রযোজ্য

১। শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা।

শাখার নাম		শিক্ষাগত যোগ্যতা	উচ্চতা	বুকের মাপ	ওজন	চোখের দৃষ্টি
ডিই/ইউসি	সিম্যান	ন্যূনতম এসএসসি (বিজ্ঞান)/সমমান (মাদ্রাসা (বিজ্ঞান) ও ভোকেশনালসহ), জিপিএ ৩.৫০ ও তদূর্ধ্ব।	১৬৭.৫ সেঃমিঃ (৫'-৬")	৭৬-৮১ সেঃমিঃ (৩০"-৩২") সম্প্রসারণ ৫ সেঃমিঃ (২")	বয়স ও উচ্চতা অনুযায়ী	৬/৬
	কমিউনিকেশন ও টেকনিক্যাল		১৬২.৫ সেঃমিঃ (৫'-৪")			
রেগুলেটিং		ন্যূনতম এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনালসহ), জিপিএ ৩.০০ ও তদূর্ধ্ব।	১৭২.৫ সেঃমিঃ (৫'-৮")			
রাইটার, স্টোর ও মিউজিশিয়ান			১৬২.৫ সেঃমিঃ (৫'-৪")			
মেডিকেল		জীববিজ্ঞানসহ ন্যূনতম এসএসসি (বিজ্ঞান)/সমমান, জিপিএ ৩.৫০ ও তদূর্ধ্ব।				
কুক ও স্টুয়ার্ড		ন্যূনতম এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনালসহ), জিপিএ ২.৫০ ও তদূর্ধ্ব।				
টোপাস		ন্যূনতম ৮ম শ্রেণি পাস।				
এমওডিসি(নৌ)		ন্যূনতম এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনালসহ), জিপিএ ৩.০০ ও তদূর্ধ্ব।	১৬৭.৫ সেঃমিঃ (৫'-৬")			

২। অন্যান্য শর্তাবলী (সকল পদবির জন্য)।

ক। বাংলাদেশী পুরুষ নাগরিক খ। সাঁতার জানা অত্যাবশ্যক গ। অবিবাহিত (বিপত্নীক/তালাকপ্রাপ্ত নয়) ঘ। বয়স : ০১ জানুয়ারি ২০২৭ তারিখে (১) নাবিক : ১৭ থেকে ২০ বছর (২) এমওডিসি(নৌ) : ১৭ থেকে ২২ বছর। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। অযোগ্যতা।

ক। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকরি হতে বরখাস্তকৃত/বহিষ্কৃত/অপসারিত/পলাতক বা স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত হলে। খ। ফৌজদারী মামলায় দন্ড/সাজাপ্রাপ্ত হলে। গ। দ্বৈত নাগরিকত্ব। ঘ। সশস্ত্র বাহিনীর বুনিয়াদী প্রশিক্ষণ চলাকালীন স্বেচ্ছায় চাকরি ত্যাগ করলে।

৪। আবেদনপত্র সংগ্রহ ও পূরণ।

Sailor পদে আবেদনকারী প্রার্থীগণকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করতে হবে। Home Page এ Sailor Section/Apply Now এ ক্লিক করে প্রথমে নিয়োগের প্রাক্‌যোগ্যতা যাচাই করতে হবে। নাবিক ও এমওডিসি(নৌ) এর শাখা ভিত্তিক Job Description (দায়িত্ব ও কর্তব্য) জেনে Apply Now বাটনে ক্লিক করতে হবে। এরপর Sign Up/Sign In করে প্রার্থীকে ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে হবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমনঃ Visa, Master Card, American Express, Nexus) এবং মোবাইল ব্যাংকিং (যেমনঃ বিকাশ, নগদ, রকেট, TAP, ok wallet) ইত্যাদির মাধ্যমে ৩০০/০০ (টাকা তিনশত) টাকার (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। পেমেন্ট Successfully Complete হওয়ার পর নির্দেশনা অনুসরণ করত সঠিক তথ্য দিয়ে Online আবেদন ফরমটি পূরণ করতে হবে। পূরণকৃত ফরমটি সঠিক আছে কিনা পুনরায় যাচাই করে সকল তথ্য সঠিক থাকলে 'জমা দিন' বাটনে ক্লিক করে 'নাবিক-১' ফরমটি ডাউনলোড ও প্রিন্ট করতে হবে। যদি কোন প্রার্থী উক্ত আবেদন পত্রটি ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে ওয়েব সাইটে পুনরায় Sign In করে আবেদন পত্রটি ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

৫। প্রয়োজনীয় সনদপত্রের বিস্তারিত বিবরণ।

ক্রমিক নং	প্রয়োজনীয় কাগজপত্র	ক্রমিক নং	প্রয়োজনীয় কাগজপত্র
ক।	(১) মূল অথবা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র (এসএসসি)। (২) মূল মার্কশিট (এসএসসি) (৩) মূল রেজিস্ট্রেশন কার্ড (এসএসসি) (৪) মূল প্রবেশপত্র (এসএসসি)	চ।	পিতা/ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি
		ছ।	মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি
		জ।	জাতীয়তা/ নাগরিকত্ব সনদ (বৈবাহিক অবস্থা ও স্থায়ী বাসস্থানের উল্লেখ থাকতে হবে)
		ঝ।	অবিবাহিত সনদ
খ।	প্রার্থী এইচএসসি পাশ হলে উপরোক্ত কাগজ-পত্রাদির পাশাপাশি নিম্নোক্ত কাগজপত্রাদি সঙ্গে আনতে হবে: (১) মূল অথবা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র (এইচএসসি)। (২) মূল মার্কশিট (এইচএসসি) (৩) মূল রেজিস্ট্রেশন কার্ড (এইচএসসি) (৪) মূল প্রবেশপত্র (এইচএসসি)	ঞ।	চারিত্রিক সনদ (বৈবাহিক অবস্থা ও স্থায়ী বাসস্থানের উল্লেখ থাকতে হবে)
		ট।	অভিভাবকের সম্মতিসূচক সনদ
		ঠ।	ছবি: প্রার্থীর নিজের ১৫ কপি, পিতার ১ কপি এবং মাতার ১ কপি (সদ্যতোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি, ল্যাবপ্রিন্ট, আনএডিটেবল এবং সত্যায়িত)
গ।	সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত টেস্টিমোনিয়াল/প্রত্যয়নপত্র।	ড।	শুধুমাত্র ৮ম শ্রেণি পাস প্রার্থীদের ক্ষেত্রে স্কুল হতে পাসকৃত সনদপত্র ও পরীক্ষার মার্কশিট জমা দিতে হবে।
ঘ।	জন্ম নিবন্ধন সনদ এর সত্যায়িত কপি।	ঢ।	পাসপোর্ট এর ফটোকপি (যদি থাকে)।
ঙ।	জাতীয় পরিচয় পত্র এর সত্যায়িত কপি (যদি থাকে)।	ণ।	চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র (NOC)

বিশেষ দ্রষ্টব্য:

- যেকোনো কারণে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকালীন সময়ে মুল কাগজপত্র জমা না দিতে পারলে ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) গ্রহণযোগ্য। তবে ফলাফল প্রকাশ পরবর্তী ফরম পূরণ ও নিয়োগ প্রদানের সময় অবশ্যই মুলকপি জমা দিতে হবে।
- স্ব স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনার কর্তৃক জাতীয়তা/নাগরিকত্ব সনদ, চরিত্রগত সনদ ও অবিবাহিত সনদ স্বাক্ষরিত এবং অভিভাবকের সম্মতিসূচক সনদ প্রতিস্বাক্ষরিত হতে হবে।
- জ, ঝ এবং ঞ এর সনদসমূহ সদ্য স্বাক্ষরিত/ তিন মাসের মধ্যে স্বাক্ষরিত হতে হবে।

৬। নিয়োগ পদ্ধতি।

অনলাইনে আবেদনকারীগণকে পূরণকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে বিজ্ঞপ্তি মোতাবেক ফর্মে উল্লেখিত সকল সার্টিফিকেট ও কাগজপত্রসহ নিম্নবর্ণিত ছক মোতাবেক নিজ শাখার নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। প্রাথমিক বাছাই পর্বে প্রার্থীর কাগজপত্রের সঠিকতা নিশ্চিত করতে হবে। অতঃপর প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ করা হবে। প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান এবং সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা ও চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা (HbsAg এবং Dope Test সহ) গ্রহণ করা হবে। **সকল জেলার সকল শাখার প্রার্থীদের পরীক্ষা কার্যক্রম সম্পন্ন হওয়ার পর মেধাক্রম অনুসারে চূড়ান্ত ফলাফল অনলাইন, জাতীয় দৈনিক পত্রিকা এবং এসএমএস এর মাধ্যমে প্রকাশ করা হবে।**

৭। চাকরির সুবিধাদি।

ক। বেতন ও ভাতাদি। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।

খ। অন্যান্য। (১) বিনামূল্যে ইউনিফর্ম, থাকা, খাওয়া ও চিকিৎসার সুবিধা। (২) পারিবারিক রেশন সুবিধা। (৩) অবসর গ্রহণকালে অবসর ভাতা এবং গ্র্যাচুইটির সুবিধা। (৪) চাকরিকালীন যোগ্যতার ভিত্তিতে নন-কমিশন্ড অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার এবং বিশেষ যোগ্যতার ক্ষেত্রে কমিশন্ড অফিসার পদে পদোন্নতির সুযোগ। (৫) চাকরিকালীন অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা পঙ্গু হলে পদবিভিত্তিক বীমা সুবিধা এবং পরিবারের জন্য বেনেভোলেন্ট ফান্ডের আর্থিক সুবিধা। (৬) বিদেশে প্রশিক্ষণ, নৌবাহিনীর জাহাজে বিদেশে শুভেচ্ছা সফর, বিদেশ থেকে জাহাজ আনয়ন ও জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণের মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ। (৭) বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে নিয়োগ প্রাপ্তির সুযোগ। (৮) নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি। (৯) সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা ইত্যাদি।

নিয়োগের জন্য প্রয়োজনীয় সনদপত্রসহ নির্ধারিত কেন্দ্রে সকাল ০৮০০ ঘটিকায় নিম্নবর্ণিত তারিখে উপস্থিত হউন :

কেন্দ্রের নাম: বানৌজা ঢাকা, খিলক্ষেত, ঢাকা।

তারিখ	শাখা	জেলা
১৮ অক্টোবর ২০২৬	কুক/ স্টুয়ার্ড	রংপুর, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, দিনাজপুর, গাইবান্ধা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর, ঢাকা, মানিকগঞ্জ, গাজীপুর, নরসিংদী, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ ও টাঙ্গাইল জেলা।
১৯ অক্টোবর ২০২৬	রেগুলেটিং/ রাইটার/স্টোর/ মিউজিশিয়ান/ এমওডিসি (নৌ)	
২২ অক্টোবর ২০২৬		
২৪ অক্টোবর ২০২৬		
২৫ অক্টোবর ২০২৬		
২৬ অক্টোবর ২০২৬		
২৭ অক্টোবর ২০২৬		
২৮ অক্টোবর ২০২৬	ডিই/ইউসি	
২৯ অক্টোবর ২০২৬		
৩১ অক্টোবর ২০২৬		
০১ নভেম্বর ২০২৬		
০২ নভেম্বর ২০২৬		
০৩ নভেম্বর ২০২৬		
০৪ নভেম্বর ২০২৬		
০৫ নভেম্বর ২০২৬		
০৮ নভেম্বর ২০২৬	কুক/ স্টুয়ার্ড	
০৯ নভেম্বর ২০২৬	রেগুলেটিং/ রাইটার/স্টোর/ মিউজিশিয়ান/ এমওডিসি (নৌ)	
১০ নভেম্বর ২০২৬		
১১ নভেম্বর ২০২৬		
১২ নভেম্বর ২০২৬	ডিই/ইউসি	
১৪ নভেম্বর ২০২৬		
১৫ নভেম্বর ২০২৬	মেডিকেল	
১৬ নভেম্বর ২০২৬	টোপাস	
২৩ নভেম্বর ২০২৬	ফলাফল প্রকাশ (অনলাইন, জাতীয় দৈনিক পত্রিকা এবং এসএমএস)	

কেন্দ্রের নাম: বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা।

তারিখ	শাখা	জেলা
১৮ অক্টোবর ২০২৬	কুক/ স্টুয়ার্ড	রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, জয়পুরহাট, বগুড়া, নওগাঁ, মাদারীপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরিয়তপুর, ফরিদপুর, পটুয়াখালী, ভোলা, বরগুনা, বরিশাল, খুলনা, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মেহেরপুর, যশোর, নড়াইল ও কুষ্টিয়া জেলা।
১৯ অক্টোবর ২০২৬	রেগুলেটিং/ রাইটার/স্টোর/ মিউজিশিয়ান/ এমওডিসি (নৌ)	
২২ অক্টোবর ২০২৬		
২৪ অক্টোবর ২০২৬		
২৫ অক্টোবর ২০২৬		
২৬ অক্টোবর ২০২৬		
২৭ অক্টোবর ২০২৬		
২৮ অক্টোবর ২০২৬	ডিই/ইউসি	
২৯ অক্টোবর ২০২৬		
৩১ অক্টোবর ২০২৬		
০১ নভেম্বর ২০২৬		
০২ নভেম্বর ২০২৬		
০৩ নভেম্বর ২০২৬		
০৪ নভেম্বর ২০২৬		
০৫ নভেম্বর ২০২৬		
০৮ নভেম্বর ২০২৬	কুক/ স্টুয়ার্ড	
০৯ নভেম্বর ২০২৬	রেগুলেটিং/ রাইটার/স্টোর/ মিউজিশিয়ান/ এমওডিসি (নৌ)	
১০ নভেম্বর ২০২৬		
১১ নভেম্বর ২০২৬		
১২ নভেম্বর ২০২৬	ডিই/ইউসি	
১৪ নভেম্বর ২০২৬		
১৫ নভেম্বর ২০২৬	মেডিকেল	
১৬ নভেম্বর ২০২৬	টোপাস	
২৩ নভেম্বর ২০২৬	ফলাফল প্রকাশ (অনলাইন, জাতীয় দৈনিক পত্রিকা এবং এসএমএস)	

কেন্দ্রের নাম: নৌবাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, টাইগার পাস, চট্টগ্রাম।

তারিখ	শাখা	জেলা
০৮ নভেম্বর ২০২৬	কুক/ স্টুয়ার্ড	কুমিল্লা, চাঁদপুর, লক্ষীপুর, ফেণী, নোয়াখালী, ব্রাক্ষণবাড়িয়া, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলা।
০৯ নভেম্বর ২০২৬	রেগুলেটিং/ রাইটার/স্টোর/মিউজিশিয়ান/ এমওডিসি (নৌ)	
১০ নভেম্বর ২০২৬		
১১ নভেম্বর ২০২৬		
১২ নভেম্বর ২০২৬	ডিই/ইউসি	
১৪ নভেম্বর ২০২৬		
১৫ নভেম্বর ২০২৬	মেডিকেল	
১৬ নভেম্বর ২০২৬	টোপাস	
২৩ নভেম্বর ২০২৬	ফলাফল প্রকাশ (অনলাইন, জাতীয় দৈনিক পত্রিকা এবং এসএমএস)	

ফলাফলে উত্তীর্ণ প্রার্থীদের ফরম পূরণ ও নিয়োগ প্রদান

প্রকাশিত ফলাফলে রোল অনুযায়ী নির্ধারিত তারিখে প্রয়োজনীয় সকল সদনপত্রের মূলকপিসহ উপস্থিত হতে হবে।

কেন্দ্রের নাম	তারিখ	শাখা ও সংখ্যা
বানৌজা ঢাকা, খিলক্ষেত, ঢাকা	২৬ নভেম্বর ২০২৬	ডিই/ইউসি (৮৯) ও মিউজিশিয়ান (৯)
	২৮ নভেম্বর ২০২৬	ডিই/ইউসি (১০০) ও মেডিকেল (১৭)
	২৯ নভেম্বর ২০২৬	ডিই/ইউসি (১০০), টোপাস (২১) ও এমওডিসি (নৌ) (৬)
	৩০ নভেম্বর ২০২৬	রেগুলেটিং (১২), রাইটার (১৫), স্টোর (১৬), কুক (৩৩) ও স্টুয়ার্ড (২২)

বিশেষ দ্রষ্টব্য।

ক। নির্বাচিত প্রার্থীগণকে রিক্রুটিং টিম কর্তৃক নির্দেশিত তারিখে (পরিবর্তনযোগ্য) বানৌজা শের-ই-বাংলা, লালুয়া, কলাপাড়া, পটুয়াখালীতে যোগদান করতে হবে। খ। ক্ষুদ্রজাতি গোষ্ঠীর ক্ষেত্রে সকল শাখার জন্য উচ্চতা ১৬২.৫ সে.মি. (৫'-৪") গ্রহণযোগ্য। গ। নাবিক নিয়োগের লক্ষ্যে ভূমিহীন নাবিকদের মধ্যে যারা ভাড়া বাসায় সরকারি খাস জমির উপর নির্মিত বসতবাড়ীতে বসবাস করে তাদের সংশ্লিষ্ট প্রশাসন (উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ/কাউন্সিলর) হতে ভূমিহীন হিসেবে প্রত্যয়নপত্র নিতে হবে। ঘ। **মিথ্যা তথ্য প্রদান ও ঠিকানা জালিয়াতি করে কেউ নিয়োগ হলে তার বিরুদ্ধে নৌবাহিনীর আইন মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।** ঙ। নিয়োগ কেন্দ্রে প্রার্থীদের মোবাইল, ঘড়ি ও যেকোন ধরনের ইলেকট্রনিক গেজেট আনা যাবে না। চ। নিজ জেলা হতে অন্য জেলায় স্থানান্তরিত হয়ে স্থায়ী বাড়ীসহ বসবাসকৃতদের সংশ্লিষ্ট উভয় এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে নাগরিকত্ব সনদ/স্থানান্তরিত হওয়ার সনদ আনতে হবে।

স্থায়ী স্বাস্থ্য সমস্যার জন্য একাধিকবার অযোগ্য বিবেচিত প্রার্থীগণকে আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।

বিশেষ সতর্কতা

আপনি যেভাবে প্রতারিত হতে পারেন ◆ প্রতারক চক্র আপনার আশেপাশে আপনাকে ফাঁদে ফেলার জন্য অপেক্ষা করছে। ◆ আর্থিক বা বৈবাহিক প্রতিশ্রুতির মাধ্যমে প্রতারক চক্র চাকরি দেবার আশ্বাস দিতে পারে। ◆ বিভিন্নভাবে চাকরিরত নৌসদস্যদের পরিচিতির মাধ্যমে চাকরি প্রদানের প্রতিশ্রুতি দিতে পারে। ◆ সরকারি/বেসরকারি চাকরিরত যে কোন ব্যক্তি অবৈধভাবে অর্থ লাভের আশায় আপনাকে চাকরির জন্য প্রলুব্ধ করতে পারে। ◆ দালাল/প্রতারকরা চাকরি না হলে টাকা ফেরতের প্রতিশ্রুতি দিতে পারে এবং ক্ষেত্র বিশেষে টাকা ফেরত দিয়ে অন্যান্যদের আস্থা অর্জন করতে পারে। ◆ দালাল/প্রতারকরা আপনার আস্থা অর্জনের জন্য শারীরিক পরীক্ষার নাম করে সামরিক হাসপাতালের ভুয়া মেডিকেল যোগ্যতা সনদপত্র প্রদান করতে পারে। ◆ দালাল/প্রতারকরা নিজেদেরকে সরকারি/রাজনীতিবিদ/নৌবাহিনীর কর্মকর্তাদের আত্মীয়/বিশেষ পরিচিত হিসেবে উপস্থাপন করতে পারে। ◆ দালাল/প্রতারকরা আপনাকে প্রভাবিত করতে নিজে পরীক্ষা কেন্দ্র পর্যন্ত যেতে পারে এবং বিভিন্ন মাধ্যমে আস্থা অর্জনের চেষ্টা করতে পারে। ◆ স্বাভাবিকভাবে চাকরি প্রাপ্তির পরও প্রতারক চক্র নানাভাবে তাদের সংশ্লিষ্টতা প্রমাণ করার চেষ্টা এবং অর্থ দাবী করতে পারে। ◆ স্বাভাবিকভাবে চাকরি প্রাপ্তির পরও প্রতারক চক্র ছলেবলে কৌশলে যোগদান পত্র হস্তগত করে অর্থ দাবী করতে পারে। ◆ প্রতারক চক্র অনলাইনে আবেদনের ব্যাপারে সবরকম সহযোগিতা করে থাকে এবং মোবাইলে এসএমএস পাবার প্রতিশ্রুতি দিতে পারে। ◆ প্রতারক চক্র আপনাকে ভুয়া যোগদানপত্র দিয়ে প্রশিক্ষণ কেন্দ্রে পাঠাতে পারে। ◆ স্বাভাবিক চাকরি প্রাপ্তির পর প্রতারক চক্র আপনার নামে ভুয়া কেস দেখিয়ে অর্থ দাবী করতে পারে।

হুঁশিয়ারি ◆ নৌবাহিনী কর্তৃক প্রচারপত্র ভালভাবে পড়ুন এবং নির্দেশাবলী অনুসরণ করুন। ◆ আপনার এলাকায় পরিচিত/অপরিচিত লোকের চাকরির প্রলোভনের ব্যাপারে সজাগ থাকুন। ◆ সৎ পেশায় যোগদানের জন্য অনৈতিক আর্থিক লেনদেন পরিহার করুন। ◆ ঘুষ গ্রহণ ও প্রদানকারী সমান অপরাধে অপরাধী। ◆ কোন ব্যক্তি চাকরি দেয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন। ◆ যদি কোন ব্যক্তি সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান ব্যতীত অন্য কোন স্থান বা তারিখে নিয়োগ প্রদান করতে চায় তবে নিশ্চিতভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন। ◆ প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ নৌঘাঁটির নৌপুলিশকে অথবা টেলিফোন নম্বর ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২১৪৭ অথবা ০১৭৬৯-৭০২১৪৫ এ অবহিত করুন।

জেনে রাখুন ◆ নৌবাহিনীতে আর্থিক লেনদেনের মাধ্যমে নিয়োগ হওয়া দন্ডনীয় অপরাধ। ◆ আর্থিক লেনদেনে জড়িত থাকলে যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীও যে কোন সময় বহিস্কৃত হতে পারে। ◆ প্রতারক চক্র সাধারণতঃ নৌবাহিনীর রিক্রুটিং টিম এর সাথে সংশ্লিষ্টদের অজান্তে তাদের নাম ভাঙিয়ে অর্থ/উৎকোচ গ্রহণ করে। ◆ দালাল/প্রতারকদের সন্ধান দিয়ে যোগ্য প্রার্থী নির্বাচনে সহায়তা করুন। ◆ নৌবাহিনীতে নাবিক নিয়োগ কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান অনুযায়ী নৌ রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে। বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়। ◆ প্রাথমিক বাছাই, প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, লিখিত ও চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা একই দিনে নিয়োগের স্থানে সকলের সম্মুখেই অনুষ্ঠিত হয়-এ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই। ◆ নিজ জেলা ব্যতীত অন্য জেলায় ভুয়া কাগজপত্র প্রদর্শনের মাধ্যমে নিয়োগের প্রয়াস পরবর্তীতে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে বহিস্কার করা হয় এবং প্রয়োজনে শাস্তি প্রদান করা হয়। ◆ যে কোন প্রকার সুপারিশ অযোগ্য হিসেবে বিবেচিত হবে। ◆ চাকরিতে যোগদানের পূর্বে কেউ বিবাহ বন্ধনে আবদ্ধ থাকলে তাকে অনতিবিলম্বে চাকরিচ্যুত করা হবে।

বিশেষ দ্রষ্টব্য **জনসমাগম এড়ানোর লক্ষ্যে প্রার্থীদের কোনো অভিভাবকের নিয়োগ কেন্দ্রে আগমন সম্পূর্ণ নিষিদ্ধ। প্রার্থীদের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শাখা নির্ধারিত হবে বিধায় আবেদনকৃত শাখাই চূড়ান্ত নয়। বিশেষ কারণে উল্লেখিত তারিখসমূহ পরিবর্তনশীল।**

পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩। ফোন : ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫।
হেল্প লাইন : ০৯৬১৩৪৬২২১৫ (০৮০০-১৪৩০ ঘটিকা), ০১৭৬৯৭০২২১৫ (০৮০০-২০০০ ঘটিকা)
website : www.joinnavy.navy.mil.bd

অনলাইনে আবেদনের তারিখ : ২০ সেপ্টেম্বর - ১৩ অক্টোবর ২০২৬